



বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)

৩৯৮, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮



আগামী ০৩-১৯ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে ভারতে অনুষ্ঠেয় '৩৬ তম সুরাজকুন্ড আন্তর্জাতিক ক্রাফটস মেলা ২০২৩' এ অংশগ্রহণ সংক্রান্ত

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ০৩-১৯ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে ভারতের হরিয়ানার ফরিদাবাদে '৩৬ তম সুরাজকুন্ড আন্তর্জাতিক ক্রাফটস মেলা ২০২৩' শীর্ষক মেলা অনুষ্ঠিত হতে যাচ্ছে। উক্ত মেলায় বিসিক নিবন্ধিত ৪-৫ জনের একটি হস্তশিল্প/কারুপণ্য উৎপাদনকারী কারুশিল্পী দল যোগ্যতার ভিত্তিতে অংশগ্রহণের সুযোগ লাভ করবে। এমতাবস্থায়, বিসিকের নিবন্ধিত হস্তশিল্প/কারুপণ্য উৎপাদনকারী আগ্রহী প্রতিষ্ঠানসমূহকে আগামী ২৯/১১/২০২২ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর নির্ধারিত আবেদনপত্রে আবেদন করার জন্য অনুরোধ করা হলো। আবেদনপত্রের সাথে বিসিক নিবন্ধন, ছবি, ড্রেড লাইসেন্স, টিন (TIN) সনদ ও ট্যাক্স প্রদানের প্রমাণক, ভ্যাট সনদ, উদ্যোক্তা ও সহগামীদের পাসপোর্ট ও জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, প্রদর্শন/বিক্রয়ের জন্য পরিবহনযোগ্য পণ্যের ইনভয়েস (মার্কিন ডলারে) সংযুক্ত করতে হবে। আবেদনপত্র বিসিক ওয়েবসাইট (<https://cutt.ly/sMUbNfh>) অথবা বিপণন বিভাগ থেকে সংগ্রহ করা যাবে। এ সংক্রান্ত তথ্য, পরামর্শ বা সাচিবিক সহায়তার জন্য বিপণন বিভাগ, বিসিক, ঢাকা (বিসিক ভবন, ৭ম তলা, ৩৯৮ মেয়র আনিসুল হক সড়ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮; ফোন: ০১৫৭১৭১৩৬৬৪, ০১৫৩৩৩৭৪৯০৫) এ যোগাযোগ করা যেতে পারে।

মোঃ আবদুল মতিন

পরিচালক (বিপণন, নকশা ও কারুশিল্প)

ফোন: ৯৫৫৩৭১৪

ইমেইল: dirmarketing@bscic.gov.bd